

লেখালিখির জগৎকা কমবেশি শুরু হয় কবিতা  
দিয়েই। কবিতা লিখতে লিখতে গানের জগতে  
প্রবেশ। কথা ও সুর যখন শিল্পীর কষ্ট পায় তখনই  
তা হয়ে ওঠে গান।


“গানে গানে বঙবন্ধু” এছে বঙবন্ধু, শেখ হাসিনা  
ও শেখ রাসেল-এর কথা বিবৃত হয়েছে এবং  
রয়েছে দেশাত্মকোধ। এর মধ্যে যতগুলো গান  
সুরারোপ হয়েছে তার সবগুলোই অনুভবে আমার  
মধ্যে ভীষণভাবে সঞ্চারিত হয়, আমাকে করে  
আন্দোলিত।

আমার হৃদয়ের আন্দোলন সঞ্চারিত হবে আরো  
অনেক হৃদয়ে।

আমি বাংলাদেশ টেলিভিশনের একজন স্বীকৃত  
গীতিকার। শিল্পী সুবীর নন্দী, রথীন্দ্রনাথ রায়,  
রফিকুল আলম-সহ ভারতের শ্রীকান্ত আচার্য  
আমার লেখা গানে কষ্ট দিয়েছেন। কষ্ট দিয়েছি  
আমি নিজেও। সুর দিয়েছেন আহমেদ ইমতিয়াজ  
বুলবুল, শেখ সাদী খান, শাহীন সরদার, উদয়  
বন্দ্যোপাধ্যায়।

# গানে গানে বঙ্গবন্ধু

জুলফিয়া ইসলাম



১১  
জুই প্রকাশন

  
প্রকাশক  
জুলফিয়া ইসলাম  
জুই প্রকাশন  
৩৮/৪ বাংলাবাজার, ঢাকা-১১০০  
প্রথম প্রকাশ  
ফেব্রুয়ারি ২০২০  
  
স্বত্ত্ব  
লেখক  
প্রচ্ছদ  
ধ্রুব এষ  
ছবি  
সংগৃহীত  
বর্ণবিন্যাস  
আর কে গ্রাফিক্স পয়েন্ট  
বাংলাবাজার, ঢাকা-১০০০  
দাম  
দুইশত পঞ্চাশ টাকা  
ISBN : 978-984-34-7598-5

---

**Gane Gane Bangabandhu**

by Julfia islam

Published by Jui Prokashon  
38/4 Banglabazar, Dhaka-1100

Price : Tk. 250.00 Only

US\$ : 10

---

পরিবেশক

বিদ্যাপ্রকাশ, বাংলাবাজার, ঢাকা-১১০০ |  
অনিন্দ্য প্রকাশ, বাংলাবাজার, ঢাকা-১১০০ |

---

যারে বসে জুই প্রকাশন-এর সকল বই পেতে ভিজিট করুন : [www.rokomari.com/Jui\\_Prokashan](http://www.rokomari.com/Jui_Prokashan)  
অথবা ফোনে অর্ডার করুন এই নামারে : ০১৫১৯৫২১৯৭১, ইটলাইন : ১৬২৯৭

## ভূমিকা

হাজার বছর পূর্বে বাংলা সাহিত্যের শুরু হয়েছে কবিতার মাধ্যমে। বাংলা ভাষার এ যাবৎ আবিষ্কৃত সর্বপ্রাচীন যে লিখিতকৃপ ‘চর্যাপদ’ সেখানে রয়েছে সবগুলোই গান। তাই বলা যায়, বাংলা সাহিত্যের জন্মাই হয়েছে গান দিয়ে। আধুনিক গানকে একটি নির্দিষ্ট ও সংক্ষিপ্ত কাঠামোতে আনার কাজটি করে গেছেন বাংলা সাহিত্যের সর্ব যুগের শ্রেষ্ঠ প্রতিভা রবীন্দ্রনাথ ঠাকুর। তাঁর সমকালীন ছিলেন দ্বিজেন্দ্রনাথ রায় এবং অনেকটা অনুসারীর মতো রজনীকান্ত সেন ও অতুলপ্রসাদ সেন। এই চারজনের হাতেই আধুনিক বাংলা গান একটি রূপ লাভ করে। এরপর আসেন বাংলা গানের জগতের চির বিশ্ময় কবি কাজী নজরুল ইসলাম। এই পঞ্চকবিই হচ্ছেন আধুনিক বাংলা গানের সর্বজন স্বীকৃত রূপকার।

যদিও বাংলা গানের সুর কবিতার ভাবনাকে ঘিরেই গড়ে ওঠে তবুও আমাদের মনে রাখতে হবে যে সুরের সম্পূর্ণ স্বাধীন একটি সত্ত্বা আছে। ভাবটিকে বহন করে সুর তার নিজের আঙীকে সৃষ্টি হয়। নিজের রীতিতেই ভাবকে প্রকাশ করে সুর। কবিতা ও সুরের সফল সম্মিলনেই বিরাজ করে একটি গানের মাধুরী।

এই গানের ভূবনে বিচরণ করতে গিয়েই আমি বাংলাদেশ টেলিভিশনের একজন গীতিকার হিসেবে স্বীকৃত হলাম। শিল্পী সুবীর নন্দী, রথীন্দ্রনাথ রায়, রফিকুল আলম-সহ ভারতের শ্রীকান্ত আচার্য আমার লেখা গানে কণ্ঠ দিয়েছেন। কণ্ঠ দিয়েছি আমি নিজেও। আমার কণ্ঠের গানে সুরারোপ করেছেন আহমেদ ইমতিয়াজ বুলবুল, শেখ সাদী খান, শাহীন সরদার, উদয় বন্দ্যোপাধ্যায়। আমার এ যাবত প্রকাশিত ৫১ টি গ্রন্থের মধ্যে “গানে গানে বঙ্গবন্ধু” একটি সমৃদ্ধ গ্রন্থ। এর মধ্যে যতগুলো গান সুরারোপ হয়েছে তার সবগুলোই অনুভবে আমার মধ্যে সঞ্চারিত হয়, আমাকে করে আন্দোলিত।

আমার হৃদয়ের আন্দোলন সঞ্চারিত হবে আরো অনেক হৃদয়ে।

শুভকামনা

জুলফিয়া ইসলাম

১৫ জানুয়ারি-২০২০

# সূচি

জাতির পিতা বঙবন্ধু শেখ মুজিবুর রহমান .....	১১
বীজ করেছি বপন .....	১৩
সুরভিত স্বপ্নে .....	১৫
লাল সবুজের আবির মাখা .....	১৭
শেখ হাসিনা .....	১৯
শেখ রাসেল .....	২১
একটি নতুন পাতা .....	২৩
জীবন তোমার কাহিনি হলো .....	২৫
তোমায় ভালো বাসতে পারি .....	২৭
কোথাও কেউ তো আছে .....	২৯
বাড়িয়ে দুঁটি হাত .....	৩১
প্রিয় বঙ্গভূমি .....	৩৩
শুধু একটি তর্জনী .....	৩৫
শেখ হাসিনা .....	৩৭
শুকনো পাতার মর্মরে .....	৩৯
শেখ রাসেল-১ .....	৪১
শেখ রাসেল-২ .....	৪৩
বঙবন্ধু .....	৪৫
রূপসি বাংলায় .....	৪৭
প্রিয় বাংলাদেশ .....	৪৯
মেঘ ছুঁয়েছে স্বপ্ন .....	৫১
আমার বাংলাদেশ .....	৫৩
মা তোমার জন্য .....	৫৫
একুশ শুধু বুকে .....	৫৭
সজনে তলার বাজনা .....	৫৯
নাম রেখেছি তার .....	৬১

## জাতির পিতা বঙবন্ধু শেখ মুজিবুর রহমান

আজ বিশ্বের বিস্ময় একটি নাম  
কোটি নামের ভিড়ে অনন্য নাম  
শেখ মুজিব, শেখ মুজিব, শেখ মুজিবুর রহমান॥

তুমি যে শক্তি তুমি যে মুক্তি  
চেতনার বারতা  
দিয়েছো দেশের মানচিত্র, এনোছো স্বাধীনতা  
তোমারই নাম অনন্তকাল  
অক্ষয় অম্বন  
শেখ মুজিব, শেখ মুজিব, শেখ মুজিবুর রহমান॥

তুমি আকাশের ওই নীল  
তুমি যে মৃত্তিকা  
জীবন থেকে মহাজীবনে  
তুমি উজ্জ্বল জয়তিকা॥

সর্বকালের শেষ্ঠ বাঙালি তুমি বাংলার প্রাণ  
জাতির পিতা বঙবন্ধু তুমি  
চির মহান  
ভুলি নাই ভুলি নাই বজ্রকঢ়ে সেই আহ্বান  
শেখ মুজিব, শেখ মুজিব, শেখ মুজিবুর রহমান॥

## বীজ করেছি বপন

চেতনায় ছিলে মগন  
তুমি আকাশ তুমি বাতাস  
তুমি খুশির জোয়ারে আসীন  
বঙ্গবন্ধু, আজ তোমার জন্মদিন॥

বাংলার মাটিতে তুমি  
ফোটা ফুলের ঘাঁটিতে তুমি  
আছো সৌরভে আছো সুষমায়  
আমার শব্দ আমার গানে  
চির ভাস্তর চির অমলীন  
বঙ্গবন্ধু, আজ তোমার জন্মদিন॥